# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-07-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কলকাতা হাইকোর্ট, এসএসসি র নতুন নিয়োগের বিধি ও বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ সংক্রান্ত মামলায় রাজ্যের কাছে একগুচ্ছ নথি তলব করেছে।

২) দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চালতাবেড়িয়ায় তৃণমূল কংগ্রেস নেতা রাজ্জাক খাঁ-র খুনের ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

৩) বীরভূমের ৬ পরিযায়ী শ্রমিককে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগ সম্পর্কে পশ্চিমবঙ্গ ও দিল্লি সরকারের মুখ্য সচিবকে পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪) সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও আগামীকাল ১৬-তম রোজগার মেলা অনুষ্ঠিত হবে।

৫) রেল মন্ত্রক দক্ষিণ-পূর্ব রেলের দুটি নতুন প্রকল্পের অনুমোদন দিয়েছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০

কলকাতা হাইকোর্ট, এসএসসি র নতুন নিয়োগের বিধি ও বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ সংক্রান্ত মামলায় রাজ্যের কাছে একগুচ্ছ নথি তলব করেছে। দুই বিচারপতি সৌমেন

সেন ও স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ, আজ এই মামলার শুনানিতে ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে রাজ্য যে সমস্ত হলফনামা ও নথি জমা দিয়েছে, সেগুলি আগামী সোমবার ১৪-ই জুলাই দেখতে চান। নতুন রুল ও বিজ্ঞপ্তির যে সব অংশ চ্যালেঞ্জ করে মামলা দায়ের হয়েছে, সোমবারের শুনানিতে রাজ্যকে তারও জবাব দিতে বলেছে ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, বিচারপতি দেবাংশু বসাকের ডিভিশন বেঞ্চ ২৬ হাজার চাকরি বাতিলের এই নির্দেশ দেন। তাকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য। তাদের দাবি ২০১৬-র নিয়োগ বিধি না মেনেই নতুন নিয়োগ এবং ওই বছরেরই শূন্য পদের সঙ্গে চলতি বছরের শূন্য পদ মিলিয়ে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। রাজ্যের কাছে হাইকোর্ট সোমবার এব্যাপারে বিস্তারিত ব্যাখ্য চেয়েছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চালতাবেড়িয়ায় তৃণমূল কংগ্রেস নেতা রাজ্জাক খাঁ-র খুনের ঘটনায় এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি। এর আগে পুলিশ ২ জনকে আটক করে। এছাড়া আরও কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। প্রত্যক্ষদর্শী ২ জনকে জিজ্ঞাসাবাদ করে দুষ্কৃতিদের চেহারার স্কেচ তৈরি করার কাজ চলেছে। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা গত রাতেই ঘটনাস্থলে গিয়ে তদন্তের কাজ খতিয়ে দেখেন।

এদিকে, গোষ্ঠী দ্বন্দ্বের কারণেই রজ্জাক খুন হয়েছেন বলে আই এস এফ বিধায়ক নওসাদ সিদ্দিকি অভিযোগ করেছেন। স্থানীয় বিধায়ক শওকাত মোল্লা এই ঘটনায় ISF-এর দিকে আঙ্গুল তুললে তাদের দাবি খারিজ করে দেন নওসাদ। তিনি বলেন, জেলা পুলিশের হাত থেকে ক্ষমতা নিয়ে ভাঙড়কে কলকাতা পুলিশের অধীনে করা হলেও হিংসার ঘটনা কমেনি।

(বাইট – নওসাদ)

এর আগে বিধায়ক শওকত মোল্লা অভিযোগ করেন, ভোট পরবর্তী সময় থেকেই ভাঙড়ে যাবতীয় হিংসার মূলে রয়েছে আই এস এফ আশ্রিত দুষ্কৃতিরা। এই খুনের ঘটনায় ফের একবার সরাসরি নওসাদ সিদ্দিকিকেই দায়ী করেন তিনি।

(বাইট – শওকত)

০-০-০-০-০-০-০-০-০-০-০-০

কলকাতা হাইকোর্ট, বীরভূমের ছয় পরিযায়ী শ্রমিককে দিল্লি থেকে বাংলাদেশে পাঠানোর অভিযোগ সম্পর্কে পশ্চিমবঙ্গ ও দিল্লি সরকারের মুখ্য সচিবকে পারস্পরিক যোগাযোগের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককেও এব্যাপারে খোঁজ খবর নেওয়ার নির্দেশ দিয়েছেন। আগামী বুধবার ১৬'ই জুলাই, সব পক্ষকে আদালতে হলফনামা'ও জমা দিতে বলেছে বেঞ্চ।

আদালতের এই কড়া অবস্থানকে স্বাগত জানিয়ে তৃণমূল সাংসদ সমিরুল ইসলাম বলেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের উপর চলতে থাকা অন্যায়ের বিরুদ্ধে এই লড়াই চালিয়ে যাওয়া হবে।

অন্যদিকে, রাজ্যের মন্ত্রী শশী পাঁজা আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, অন্য রাজ্যের বহু শ্রমিক ভিন্ন ভাষাভাষী হলেও পশ্চিমবঙ্গে নিশ্চিন্তে কাজ করছেন। নির্বাচন কমিশনের সাম্প্রতিক নিবিড় সংশোধন প্রক্রিয়ায় আধার কার্ড, ভোটার কার্ড গ্রহণ করার বিষয়ে সুপ্রীম কোর্ট যে নির্দেশ দিয়েছ, তারও উল্লেখ করেন তিনি

(বাইট- শশী পাঁজা)

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ, পশ্চিমবঙ্গ দিয়েই অনুপ্রবেশকারীরা সারা ভারতে ছড়িয়ে পড়েছে। এরাজ্যে নির্বাচন কমিশন এ ধরনের সমীক্ষা চালালে বহু ভোটার বাদ পড়বেন বলেও মন্তব্য করেন শ্রী অধিকারী।

(বাইট- শুভেন্দু)

অন্যদিকে, ভোটার তালিকা সংশোধনের এই প্রক্রিয়ার বিরোধিতা করে সি পি আই এম এল দলের সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য জানিয়েছেন, যে সমস্ত নথি চাওয়া হচ্ছে, তাতে পরিযায়ী শ্রমিকদের সঙ্গে-ই বহু মানুষের ভোটাধিকার চলে যাবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

বিহারের ভোজপুর জেলার দুধপুরে কাজে গিয়ে নিখোঁজ হয়ে গেছেন দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থানার অন্তর্গত চড়াঘাটা গোদাবর গ্রামের বাসিন্দা বাপ্পা শেখ। রাজমিস্ত্রির কাজ নিয়ে গত বিশে জুন বেশ কয়েকজনের সঙ্গে সেখানে গিয়েছিলেন বাপ্পা। মহরমের দিন দোকানে যাওয়ার কথা বলে বেরিয়ে আর ফেরেনি সে। এরপরই জগদীশপুর থানায় নিখোঁজ ডায়রি করেন পরিবারের সদস্যরা। পুলিশ তদন্ত শুরু করেছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

টানা তিন মাস ডেঙ্গি আক্রান্ত একজন রোগীরও সন্ধান না মেলায় উত্তর ২৪ পরগনার পানিহাটি পুরসভা এলাকাকে রাজ্যের প্রথম ডেঙ্গি-মুক্ত অঞ্চল হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। রাজ্য নগরোন্নয়ন সংস্থা সুডা-র সাম্প্রতিক সমীক্ষায় এই খবর প্রকাশ্যে এসেছে। নিয়মিত বাড়ি বাড়ি পর্যবেক্ষণ, পরিচ্ছন্নতা অভিযান ও জনসচেতনতামূলক কর্মসূচির ধারাবাহিকতা এধরনের নজিরবিহীন সাফল্যের নেপথ্যে রয়েছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতরের দাবি। জানা গেছে, প্রশাসনের তৎপরতায় এবার রাজ্যে ডেঙ্গির প্রকোপ আগের তুলনায় অনেকটাই কম।

২০২৩ সালের তুলনায় চলতি বছরে ডেঙ্গি আক্রান্ত রোগীর সংখ্যা ৪০ শতাংশ কম বলে জানিয়েছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

যক্ষ্মা বা টিবি নির্মুলিকরণে নতুন চিকিৎসা পদ্ধতি শুরু করা হয়েছে। ড্রাগ রেজিস্ট্যান্ট টিবিতে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য BPalM রেজিমেন পদ্ধতি শুরু করা হয়েছে বর্ধমান মেডিক্যাল কলেজে। আর জি কর হাসপাতালের পর বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতালে আজ এক অনুষ্ঠানের মাধ্যমে দুজন রোগীকে এই ওষুধ দেওয়া হয়। এই পদ্ধতির অধীনে রোগীকে দেওয়া তিন থেকে পাঁচ টি ওষুধের মাধ্যমে ছয় থেকে নয় মাসের মধ্যে রোগী সুস্থ হয়ে ওঠেন।

এদিকে, যক্ষ্মা রোগীদের পুষ্টির জন্য পুষ্টিকর খাবার প্রদান করার দায়িত্ব নিয়েছেন অনেক সরকারি আধিকারিক। আজকের অনুষ্ঠানে এক যক্ষ্মা রোগীকে দত্তক নেন বর্ধমান মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডাক্তার মৌসুমী বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে অধ্যক্ষ ছাড়াও উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জয়রাম হেমব্রম, হাসপাতালের বক্ষ বিভাগের প্রধান ডাক্তার শান্তনু ঘোষ সহ বিশিষ্টজনেরা।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

১৬ তম রোজগার মেলা আগামীকাল অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৫১ হাজারেরও বেশি চাকরি প্রাপকদের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন।

সারাদেশের ৪৭ টি জায়গার মধ্যে কলকাতার শিয়ালদায় বি সি রায় অডিটরিয়ামে রোজগার মেলার আয়োজন করা হয়েছে। রেল, স্বরাষ্ট্র মন্ত্রক, ডাক বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক সহ একাধিক সরকারি মন্ত্রক ও দপ্তরে যোগ দেবেন চাকরি প্রাপকরা।

শিলিগুড়িতে উত্তর পূর্ব সীমান্ত রেলের এক অনুষ্ঠানেও চাকরী প্রাপকদের হাতে তুলে দেওয়া হবে নিয়োগপত্র।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

রেল মন্ত্রক দক্ষিণ-পূর্ব রেলের দুটি নতুন প্রকল্পের অনুমোদন দিয়েছে। এর একটি হলো নিমপুরা-রিসেপশন ইয়ার্ড এবং খড়গপুরের মধ্যে তৃতীয় লাইন স্থাপন এবং অপরটি হলো কলাইকুন্ডা এবং নিমপুরা পশ্চিমের মধ্যে নতুন লাইন স্থাপন। নিমপুরা রিসেপশন ইয়ার্ড ও খড়গপুর জংশনের মধ্যে ১৫৭ দশমিক আট ছয় কোটি টাকা ব্যয়ে ৬ দশমিক চার এক কিলোমিটার দৈর্ঘ্যের রেললাইন স্থাপনের ফলে এই পথে পণ্যবাহী ট্রেনের গতি অনেক বৃদ্ধি পাবে। এছাড়া ২-শো ২৪ দশমিক চার চার কোটি টাকা ব্যয়ে ১২ দশমিক তিন তিন কিলোমিটার দীর্ঘ কলাইকুন্ডা – নিমপুরা পশ্চিম প্রকল্পের কাজ শেষ হলে হাওড়া – মুম্বাই ও হাওড়া – চেন্নাই পথে ট্রেনের গতি অনেকটাই বৃদ্ধি পাবে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

উত্তর দিনাজপুর জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে প্রান্তিক রেল স্টেশন রাধিকাপুরে আজ দুটি নতুন লাইনের শিলান্যাস করলেন সাংসদ কার্তিক চন্দ্র পাল। ১৬ কোটি টাকা ব্যয়ে এই নতুন দুটি রেললাইন গড়ে তোলা হয়েছে। এরফলে রাধিকাপুর থেকে দক্ষিণ ভারতের বেঙ্গালুরু যাওয়ার জন্য বিশেষ ট্রেন চালানোর দীর্ঘদিনের দাবি পূরণ হতে সমস্যা থাকবে না বলে আশা করা হচ্ছে।

০-০-০-০-০-০-০-০-০-০-০-০-০

ঐতিহাসিক কুমোরটুলি ঘাটের সংস্কার এবং সৌন্দর্যায়নের জন্য কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর এবং আদানী পোর্ট ও বিশেষ অর্থনৈতিক অঞ্চল লিমিটেডের মধ্যে আজ একটি সমঝোতার স্মারকপত্র স্বাক্ষরিত হয়েছে। কলকাতা বন্দরের

চেয়ারম্যান রথেন্দ্র রমন এবং APSEZ (অ্যাপসেজের) বিজনেস ডেভেলাপমেন্ট প্রেসিডেন্ট সুব্রত ত্রিপাঠী সহ উভয় সংস্থার আধিকারিকদের উপস্থিতিতে এই মৌ স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ঐতিহ্যের সঙ্গে সঙ্গতি রেখে এবং পরিবেশ বান্ধব ব্যবস্থার মাধ্যমে হুগলী নদীর তীরে অবস্থিত এই ঐতিহাসিক কুমোরটুলি ঘাটের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ করা হবে। এই সংস্কারের ফলে ঘাটটি কেবলমাত্র দর্শনীয় হবে না, তা হয়ে উঠবে আরও পরিষ্কার পরিচ্ছন্ন এবং নিরাপদ।

o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o

আজ বিশ্ব জনসংখ্যা দিবস। জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে সচেতনতা বাড়িয়ে তুলতে রাষ্ট্রসঙ্ঘের উদ্যোগে বিশ্বব্যাপী দিনটি পালন করা হয়। পরিবার পরিকল্পনা সম্পর্কে সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ এবং পরিবেশ, অর্থনীতি ও সমাজের ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব নিয়ে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস জানিয়েছেন—বিশ্ব জনসংখ্যার পরিবর্তনশীল ধারা, তার ক্রমবর্ধমান বৃদ্ধির প্রেক্ষাপটে মানব জীবনের মানোন্নয়ন, দীর্ঘস্থায়ী বিকাশ এবং বৈষম্য দূরীকরণ-সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলির প্রতি সকলের সচেতনতা গড়ে তোলা প্রয়োজন।

o-o-o-o-o-o-o-o-o-o-o-o-o

কলকাতার বিপাশা পাল সাউথ এশিয়ান ক্যারাটে চ্যাম্পিয়নশিপে সোনা পেয়েছেন। কলম্বোয় অনুষ্ঠিত এই টুর্নামেন্টে বিপাশা মহিলাদের ব্যক্তিগত বিভাগে শ্রীলঙ্কা,নেপাল,ভুটান, পাকিস্তান এবং বাংলাদেশের প্রতিপক্ষকে পরাজিত করেছেন। এছাড়াও বিপাশা মহিলাদের দলগত বিভাগে উজ্জেশা ঘোষ, দিয়া ঘোষের সঙ্গে রূপো পেয়েছেন।

O-O-O-O-O-O-O-O-O-O-O-O